

ঢাবির ৮৪ শিক্ষকের বিবৃতি ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের চক্রান্ত প্রতিহত করুন

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৮৪ জন শিক্ষক ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের চক্রান্ত প্রতিহত করার আহ্বান জানিয়েছেন।

গতকাল তারা এক যুক্ত বিবৃতিতে বলেন, একদিকে চরম দলীয়করণ ও রাজনৈতিক

দৃষ্টিকোণ থেকে বিশ্ববিদ্যালয়ে আধিপত্য বিস্তারের চেষ্টা চলছে। জর্নাদিকে শিক্ষাসনে ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের সুপারিশ করা হচ্ছে। একই সঙ্গে ঢাকার প্রতিষ্ঠিত কুল-কলেজে দখলের নগ্ন ষড়যন্ত্র চলছে। আর নিজস্ব দলীয় লোক নিয়োগ দেয়ার জন্য বিভিন্ন সিদ্ধান্ত দেয়া হয়েছে।

'চাঁদাবাজি-টেঙারবাজি-দখলদারিত্বই ক্যাম্পাসে সন্ত্রাসের মূল কারণ, ছাত্র-শিক্ষকের রাজনীতি নয়'- এ মন্তব্য করে বিবৃতিতে আরও বলা হয়েছে, ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধ করলে সন্ত্রাস বন্ধ হবে, গভীর সমস্যার এমন সরলীকরণ সমাধান সচেতন মানুষের মধ্যে সন্দেহের উদ্বোধন করবে। তারা বলেন, আসলে রাজনৈতিক দর্শনে আত্মভাজন ব্যক্তিদের নিজ নিজ আসনে বসিয়ে কর্তৃত্ব প্রতিষ্ঠার পরই শিক্ষাসনে ছাত্র-শিক্ষক রাজনীতি বন্ধের ষড়যন্ত্র চলছে।

বিবৃতিতে স্বাক্ষর করেছেন, অধ্যাপক এ কে আজাদ চৌধুরী, অধ্যাপক শাহাদত আলী, অধ্যাপক মেজবাহ উদ্দিন আহমেদ, অধ্যাপক মোতফা চৌধুরী, অধ্যাপক এ জেড এম নওশের আলী খান, অধ্যাপক আর আই এম আমিনুর রশীদ, অধ্যাপিকা সুলতানা শফি, অধ্যাপক দুর্গাদাশ ভট্টাচার্য, অধ্যাপক খন্দকার বজলুল হক, অধ্যাপক হারুন-অর-রশিদ, অধ্যাপক নিমচন্দ্র ভৌমিক, অধ্যাপক আবদুল মান্নান চৌধুরী, অধ্যাপক আ আ ম স আরেফিন সিদ্দিক, অধ্যাপক আবু বকর সিদ্দিক, অধ্যাপক আবুল হাশেম, অধ্যাপক মুহিবুর রহমান, অধ্যাপক এ বি এম মাহমুদ, অধ্যাপক এস এম ইয়ামুল হক প্রমুখ। সংবাদ বিজ্ঞপ্তি।